

চমেক বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছেন প্রধানমন্ত্রী : নাসিম

বালন

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয় করার অনুমোদন দিয়েছেন। আগামী শিকাবর্ষ থেকে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় দেখতে পারবেন।

আগামী বছর প্রধানমন্ত্রী এসে বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। স্বাস্থ্যমন্ত্রী মঙ্গলবার চট্টগ্রাম সার্কিট হাউজ মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে সতর্কিনিময়ে একথা বলেন। তিনি বলেন, স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য আগামী অর্থবছরের বাজেটে ২ হাজার কোটি টাকা বেশি ব্যয় করা হবে। এছাড়া ২০১৫-১৬ অর্থবছরে স্বাস্থ্য খাতে বাজেট ৩৩শ কোটি টাকা। স্বাস্থ্যসেবা সারা দেশের গ্রাম পর্যায়ে পৌঁছে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে এসময় উপস্থিত ছিলেন— মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাঃ ম নাহির উদ্দিন, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ত্রিগেভিয়ার শহীদুল গণি, সিঙ্গি সার্জন ও চট্টগ্রাম জেনারেল হাসপাতালের পরিচালক ড. সরফরাজ খান, বিএমএর সভাপতি মুজিবুল হক প্রমুখ।

স্বাস্থ্যসেবা সারা দেশের গ্রাম পর্যায়ে পৌঁছে দেয়ার প্রতিশ্রুতি দিয়ে মোহাম্মদ নাসিম বলেন, ঢাকা-চট্টগ্রামের পাশাপাশি সব জেলাগুলোতে বার্ন ইউনিটসহ যাবতীয় চিকিৎসা সুবিধা দেয়া হবে। এর আগে মন্ত্রী চট্টগ্রাম মেডিকেল কলেজের বার্ন ইউনিটে ১০টি শয্যা হস্তান্তর করেন। রিহাব এ ১০টি শয্যা স্থাপনে সহযোগিতা করে।